

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬১১

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আশুরার পুরা দিন সিয়াম রাখা মুস্তাহাব, আর যে ব্যক্তি পুরো দিন সিয়াম রাখতে পারে না, তার জন্য দিবসের কিছু অংশ সিয়াম রাখা মুস্তাহাব

ذَكَرُ اسْتِحْبَابِ صَوْمِ يَوْمِ عَاشُورَاءَ أَوْ بَعْضِ ذَلِكَ الْيَوْمِ لِمَنْ عَجَزَ عَنِ صَوْمِ الْيَوْمِ بِكَمَالِهِ

আরবী

3611 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى الصَّنَعَانِيُّ حَدَّثَنَا بِشْرُ بْنُ الْمُفَضَّلِ حَدَّثَنَا خَالِدُ بْنُ زَكَوَانَ عَنِ الرَّبِيعِ بِنْتِ مَعُودِ بْنِ عَفْرَاءَ قَالَتْ: أُرْسِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَدَاةَ عَاشُورَاءَ إِلَى قُرَى الْأَنْصَارِ الَّتِي حَوْلَ الْمَدِينَةِ: (مَنْ كَانَ أَصْبَحَ صَائِمًا فَلْيَتِمَّ صَوْمَهُ وَمَنْ كَانَ أَصْبَحَ مُفْطِرًا فَلْيَصُمْ بَقِيَّةَ يَوْمِهِ ذَلِكَ) قَالَتْ: فَكُنَّا نَصُومُهُ وَنُصَوِّمُ صِبْيَانَنَا الصِّغَارَ وَنَذْهَبُ بِهِمْ إِلَى الْمَسْجِدِ وَنَجْعَلُ لَهُمُ اللَّعْبَةَ مِنَ الْعِهْنِ فَإِذَا بَكَى أَحَدُهُمْ عَلَى الطَّعَامِ أُعْطِينَاهَا إِيَّاهُ حَتَّى يَكُونَ عِنْدَ الْإِفْطَارِ. الراوي : الربيع بنت معوذ بن عفراء | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3611 | خلاصة حكم المحدث: صحيح .

বাংলা

৩৬১১. রুবাইয়ি বিনতু মুআওয়িয় বিন আফরা রাহিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আশুরার দিন সকালে মদীনার পার্শ্ববর্তী জনপদের আনসারদের কাছে এই মর্মে লোক পাঠান, “যে ব্যক্তি সিয়াম অবস্থায় সকাল করেছে, সে যেন তার সিয়াম পূর্ণ করে আর যে ব্যক্তি সিয়াম না রেখে সকাল করেছে, সে যেন এই দিনের বাকী অংশ সিয়াম রাখে।”

রাবী বলেন, “অতঃপর আমরা নিজেরা সিয়াম রাখি এবং আমাদের ছোট বাচ্চাদেরও সিয়াম রাখাই। আমরা তাদেরকে মাসজিদে নিয়ে যাই। আমরা তাদের জন্য পশমের খেলনা বানাই। যখন তাদের কেউ খাবার জন্য কান্না করে, তখন আমরা তাকে সেই খেলনা দেই। এভাবে ইফতার করার সময় হয়ে যায়।[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৯৬০; সহীহ মুসলিম: ১১৩৬; বাগাবী: ১৭৮৩; সুনান বাইহাকী: ৪/২৮৮; তাবারানী: ২৪/৭০০; মুসনাদ আহমাদ: ৬/৩৫৯; তাহাবী, শারহু মাআনিল আসার: ২/৭৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ মুসলিমের শর্তনুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৬২৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ রুবায়্যি বিনতু মুআব্বিয (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92947>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন